



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
আইসিটি সেল



০৫/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্রি ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি ড. কৃষ্ণ পদ হালদার  
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ও ইনোভেশন অফিসার, ব্রি।  
সভার তারিখ ০৫/১১/২০১৯।  
সভার সময় দুপুর-১২.০০ ঘটিকা।  
স্থান মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ।  
উপস্থিতি পরিশিষ্ট “ক”

**আলোচ্য সূচি (ক):** বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

**আলোচ্য সূচি (খ):** ০৫/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

ক্র নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত
১.	ব্রি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি আলোচনা	১.১ ব্রি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়নের অব্যাহত রাখতে হবে। ১.২ জানুয়ারি/২০২০ এর মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। ১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৭.১ ও শোকেসিং কর্মশালা ২০১৯ এর কার্য বিবরণী অনুসারে আঞ্চলিক পর্যায়ে রেপ্লিকেশনের জন্য “সোলার লাইট ড্র্যাপ” এবং অধিকতর/পুনরায় পাইলটিং এর জন্য “রাইস নলেজ ব্যাংক (আরকেবি) মোবাইল অ্যাপস ও সেন্সর-ভিত্তিক ধানের রোগবালাই ব্যবস্থাপনা” উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।
২.	ব্রি বার্ষিক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি আলোচনা	২.১ বার্ষিক জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমগুলো যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। ২.২ প্রশাসন বিভাগ কর্তৃক হালনাগাদকৃত ব্রি’র সিটিজেন চার্টার ওয়েব পোর্টালে আপলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.	ত্রির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	৩.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচক ২.২.১ অনুযায়ী ন্যূনতম ১টি নতুন ডিজিটাল সেবা চালুকৃত-এর অংশ হিসেবে 'রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপস' নির্ধারণ করা হয়। ৩.২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচক ২.৩.১ অনুযায়ী ন্যূনতম ১টি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত-এর অংশ হিসেবে "মুঠোফোনে বালাইনাশক মূল্যায়ন তথ্য সরবরাহ/ব্রিডার বীজ বিতরণে ক্ষুদ্রে বার্তা প্রেরণ/ধান সংক্রান্ত সকল নমুনা এনালাইসিস" নির্ধারণ করা হয়। ৩.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচক ২.৪.১ অনুযায়ী ন্যূনতম ১টি সেবা সহজিকরণ (প্রসেস ম্যাপসহ) সরকারি আদেশ জারিকৃত-এর অংশ হিসেবে 'ধানের রোগবালাই ও তার ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি ই-লার্নিং পদ্ধতিতে রূপান্তরপূর্বক প্রশিক্ষণ প্রদান সহজিকরণ' নির্ধারণ করা হয়।
৪.	ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে উদ্ভাবনী প্রণোদনা সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান এবং ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দের সম্মানী প্রদান বিষয়ক আলোচনা	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.১ অনুযায়ী উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার/উদ্ভাবনী প্রণোদনা প্রদানের অংশ হিসেবে প্রস্তুতকৃত খসড়া সনদপত্র পরবর্তী সভায় উপস্থাপনপূর্বক চূড়ান্ত করতে হবে।
৫.	ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে উদ্ভাবন-বিষয়ক সফল কার্যক্রম চলমান এমন দেশসমূহে স্বল্পমেয়াদে প্রশিক্ষণ/কর্মশালায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.৩ অনুযায়ী ইনোভেশন টিমের সদস্যগণের উদ্ভাবন সংক্রান্ত অধিকতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় আর্থিক সংস্থানের জন্য পরিচালক, এনএটিপিঃ ফেজ-২ বরাবর পত্র প্রেরণ করতে হবে।
৬.	রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপস বাস্তবায়নের অগ্রগতি বিষয়ক আলোচনা	রাইস ডক্টর মোবাইল ও ওয়েব অ্যাপস মহাপরিচালক মহোদয়ের উপস্থিতিতে এমসিসি লিঃ কর্তৃক উপস্থাপনপূর্বক চূড়ান্ত করার লক্ষ্যে নভেম্বর/২০১৯ এর ৩য় সপ্তাহে একটি মতবিনিময় সভার আয়োজন করতে হবে।
৭.	বিবিধ	৭.১ ত্রি'র সদর দপ্তর ও সকল আঞ্চলিক কার্যালয়ে ই-নথি কার্যক্রম জোরদারকরণের অংশ হিসেবে ইন-হাউজ প্রশিক্ষণ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। ৭.২ পরবর্তী ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা ডিসেম্বর/২০১৯ এর ২য় সপ্তাহে আয়োজন করতে হবে।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. কৃষ্ণ পদ হালদার  
পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা)  
ও ইনোভেশন অফিসার, ব্রি।

স্মারক নম্বর: ১২.২২.০০০০.০৪৪.০৯.০২১.১৯.১৭৭

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৬  
১৭ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ২) চিফ সাইন্টিফিক অফিসার, প্রশিক্ষণ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৩) চিফ সাইন্টিফিক অফিসার, উদ্ভিদ রোগতত্ত্ব, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৪) প্রিন্সিপাল প্লানিং অফিসার, পরিকল্পনা ও মূল্যায়ন, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৫) উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৮) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৯) পরিচালক (প্রশাসন ও সা.প.) এর ব্যক্তিগত সহকারী, প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ১০) পরিচালক (গবেষণা), এর ব্যক্তিগত সহকারী, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

ড. মোঃ ইসমাইল হোসেন  
চিফ সাইন্টিফিক অফিসার (চলতি  
দায়িত্ব)